প্রাপ্তি নং.................তারিখ ৬/৭/২৬
অফিস সুপার
হিসাব সহকারী
অফিস সহকারী
সার্টিফিকেট সহকারী
উপজেলা নির্বাহী অফিসার
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ
সাধারণ শাখা
www.jhenaidah.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৪.৪৪০০.০০০.০১৩.১৪.০০০১.২৬.৫২৪

তারিখ: ১৮ আষাঢ় ১৪৩৩
০২ জুলাই ২০২৬

বিষয়: **সকল শিক্ষা প্রতিষ্ঠানের দর্শনীয় স্থানে Drop Down Banner ও উপজেলা পর্যায়ে অনলাইন রেজিস্ট্রেশন বুথ স্থাপনের কার্যক্রম সহযোগিতা ও সমন্বয় সংক্রান্ত।**

সূত্র: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২৯ জুন ২০২৬ তারিখের ৩৪.০০.০০০০.০০০.০৮০.৯৯.০০১৬.২৬.২৬৮ নং স্মারক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, 'নতুন কুঁড়ি স্পোর্টস-২০২৬-২৭' কর্মসূচির আওতায় উপজেলা পর্যায়ে ১০ (দশ)টি ইভেন্টে প্রতিযোগিতা আগামী সেপ্টেম্বর ২০২৬ থেকে অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশনের কার্যক্রম ০১ জুলাই ২০২৬ হতে ৩১ আগস্ট ২০২৬ পর্যন্ত চলমান থাকবে। কর্মসূচিতে ১২-১৪ বছর বয়সী শিশু-কিশোরদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিতকরণ এবং ব্যাপক প্রচারের উদ্দেশ্যে জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের দৃশ্যমান স্থানে ড্রপ-ডাউন ব্যানার (Drop-down Banner) প্রদর্শন এবং উপজেলা পর্যায়ে অনলাইন রেজিস্ট্রেশন বুথ স্থাপনের নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২। এমতাবস্থায়, উক্ত নির্দেশনা অনুযায়ী 'নতুন কুঁড়ি স্পোর্টস-২০২৬-২৭' কর্মসূচির আওতায় জেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানের দৃশ্যমান স্থানে ড্রপ-ডাউন ব্যানার (Drop-down Banner) প্রদর্শন, উপজেলা পর্যায়ে অনলাইন রেজিস্ট্রেশন বুথ স্থাপন এবং এ-সংক্রান্ত অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২ (দুই) ফর্দ।

সংযুক্তিসমূহঃ
(১) সংযুক্তি
(২) নতুন কুড়ি চিঠি

০২-০৭-২০২৬
অতনু সাহা
সহকারী কমিশনার
ফোন : ০২৪৭৭৭৪৭১৭৮
ইমেইল : acgenjhenaidah@mopa.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঝিনাইদহ।
২। জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, ঝিনাইদহ।
৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (ভারপ্রাপ্ত ), জেলা প্রাথমিক শিক্ষা অফিস, ঝিনাইদহ।

প্রাপ্তি নং.......... তারিখ ৬/৭/২৬

অফিস সুপার | অতিজরুরী/জরুরী/পেশ করুন/নথিজাত
হিসাব সহকারী
অফিস সহকারী
সার্টিফিকেট সহকারী

উপজেলা নির্বাহী অফিসার
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ক্রীড়া-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০০০.০৮০.৯৯.০০১৬.২৬.২৬৮

তারিখ: ১৫ আষাঢ় ১৪৩৩
২৯ জুন ২০২৬

বিষয়: **সকল শিক্ষা প্রতিষ্ঠানের দর্শনীয় স্থানে Drop Down Banner প্রদর্শন ও উপজেলায় অনলাইন রেজিস্ট্রেশন বুথ স্থাপনের কার্যক্রমে সহযোগিতা ও সমন্বয় সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের ক্রীড়া উন্নয়নে সরকারের নির্বাচনী প্রতিশ্রুতির অংশ হিসাবে তৃণমূল পর্যায় থেকে ১২-১৪ বছর বয়সী শিশু-কিশোরদের মধ্য থেকে প্রতিভাবান খেলোয়াড় খুঁজে বের করে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে দক্ষ ক্রীড়াবিদ হিসাবে গড়ে তোলার লক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক 'নতুন কুঁড়ি স্পোর্টস' কর্মসূচি গ্রহণ করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক 'নতুন কুঁড়ি স্পোর্টস' কর্মসূচি ০২ মে ২০২৬ তারিখ সিলেট জেলা স্টেডিয়ামে শুভ উদ্বোধনের মধ্য দিয়ে সারাদেশে একযোগে এ কর্মসূচির কার্যক্রম শুরু হয়েছে। মাননীয় প্রধামন্ত্রীর উপস্থিতিতে আগামী ২৭-৩০ জুলাই ২০২৬ তারিখের সুবিধাজনক সময়ে 'নতুন কুঁড়ি স্পোর্টস-২০২৬' সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের মাধ্যমে নতুন কুঁড়ি স্পোর্টস-২০২৬ সমাপ্ত হবে। নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২৭ এর কার্যক্রম নতুন করে শুরু হবে। 'নতুন কুঁড়ি স্পোর্টস'-২০২৬-২৭ এর আওতায় ১০টি ইভেন্টের প্রতিযোগিতা উপজেলা পর্যায়ে আগামী সেপ্টেম্বর ২০২৬ এ শুরু হবে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন এর কার্যক্রম ০১ জুলাই ২০২৬ হতে ৩১ আগস্ট ২০২৬ পর্যন্ত চলমান থাকবে।

০২। এমতাবস্থায়, 'নতুন কুঁড়ি স্পোর্টস-২০২৬-২০২৭' কর্মসূচিতে ১২-১৪ বছর বয়সী শিশু-কিশোরদের স্বত:স্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিতকরণ ও ব্যাপক প্রচারণার উদ্দেশ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের দর্শনীয় স্থানে Drop Down Banner প্রদর্শন এবং উপজেলায় অনলাইন রেজিস্ট্রেশন বুথ স্থাপনে সহযোগিতা ও সমন্বয় প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৯-০৬-২০২৬
মুঃ গোলাম মোস্তফা
উপসচিব

জেলা প্রশাসক (সকল)।

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০০০.০৮০.৯৯.০০১৬.২৬.২৬৮/১ (৩)

তারিখ: ১৫ আষাঢ় ১৪৩৩
২৯ জুন ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব, ক্রীড়া-২ অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২৯-০৬-২০২৬
মুঃ গোলাম মোস্তফা
উপসচিব

ক্রীড়া হলে পেশা, পরিবার পাবে ভরসা

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

ক্রীড়া পরিদপ্তর

স্বপ্নের পথে, বিজয়ের সাথে

# নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২৭

# রেজিস্ট্রেশন করুন

| | | | | |
|---|---|---|---|---|
| ফুটবল | ক্রিকেট | কাবাডি | অ্যাথলেটিক্স | ভলিবল |
| ব্যাডমিন্টন | দাবা | মার্শাল আর্ট | সাঁতার | টেবিল টেনিস |

## ১০টি ইভেন্টে বালক ও বালিকাদের অংশগ্রহণের সুযোগ

## আবেদনের নিয়মাবলি

**অংশগ্রহণের বয়সসীমা:**
১২ থেকে ১৪ বছর বয়সি ছাত্র-ছাত্রী
(জন্ম তারিখ: ০১ সেপ্টেম্বর ২০১২ থেকে ৩১ আগস্ট ২০১৪ এর মধ্যে)

**আবেদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র**

০১. অনলাইন ভেরিফাইড জন্মনিবন্ধন সনদ।
০২. শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র।
০৩. ৬ষ্ঠ বা ৮ম শ্রেণির ভর্তি রেজিস্ট্রেশন কার্ড।
০৪. স্কুলের প্রধান শিক্ষক কর্তৃক বর্তমান শ্রেণির সত্যায়িত টট লিস্ট এর কপি।
০৫. সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

**ইভেন্টসমূহ**
ফুটবল, ক্রিকেট, কাবাডি, অ্যাথলেটিক্স, ব্যাডমিন্টন, দাবা
মার্শাল আর্ট (কারাতে, উশু, তাইকোয়ানডো, জুডো), সাঁতার, ভলিবল ও টেবিল টেনিস।
(একজন সর্বোচ্চ দুটি খেলায় অংশ নিতে পারবে)

**রেজিস্ট্রেশনের শেষ সময়:**
১ জুলাই ২০২৬ থেকে ৩১ আগস্ট ২০২৬ পর্যন্ত

**রেজিস্ট্রেশনের জন্য ভিজিট করুন:**
notunkurisports.gov.bd

আয়োজনে
ক্রীড়া পরিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

